PATERSON PUBLIC SCHOOLS

শিক্ষার্থীর ছবি ও তথ্য প্রচারে মিডিয়া ব্যবহারের সম্মতিপত্র

শিক্ষাবর্ষ চলাকালে, প্যাটারসন পাবলিক স্কুল ডিস্ট্রিক্ট (ডিস্ট্রিক্ট) শিক্ষার্থীদের নানাবিধ কার্যক্রম ও সাফল্য উদ্‌যাপন এবং প্রচারের বহু সুযোগ পাবে। প্রচারসংক্রান্ত কার্যক্রমে আপনার সন্তানের অংশগ্রহণের অনুমতি দিয়ে আপনি এই মর্মে স্বীকৃতি দিচ্ছেন যে, আপনি নিম্নোক্ত শর্তাবলি অবগত হয়েছেন এবং সেগুলোতে সম্মত আছেন

- আপনার সন্তান, সন্তানের নাম, অথবা সন্তানের তৈরি কাজ বা শিল্পকর্ম আলোকচিত্র (ছবি), ভিডিও রেকর্ডিং, অডিও রেকর্ডিং, উদ্ধৃতি এবং অন্যান্য মাধ্যমের চিত্রে তুলে ধরা হতে পারে; যা বিদ্যালয়, ডিস্ট্রিক্ট কিংবা অন্য কোনো সংবাদ/মিডিয়া মাধ্যম কর্তৃক মুদ্রিত বা অনলাইনে প্রকাশিত প্রচারমূলক, নির্দেশনামূলক বা শিক্ষামূলক প্রকাশনা, পোস্টার, ব্রোশিউর, পুস্তিকা, নিউজলেটার, সংবাদপত্র, ইয়ারবুক, ওয়েবসাইট, সোশ্যাল মিডিয়া সাইট, অথবা রেডিও বা টেলিভিশন সম্প্রচারে তৈরি, প্রকাশ, বিতরণ, উন্মুক্ত বা ব্যবহার করা হতে পারে;
- জেলা/ডিস্ট্রিক্ট কর্তৃপক্ষ এই চিত্রসমূহ তৈরি, নিয়ন্ত্রণ এবং/বা ব্যবহার করার জন্য কোনোভাবেই বাধ্য থাকবে না;
- এই ছবি বা চিত্রগুলোর ওপর আপনি, আপনার সন্তান, অথবা আপনার কোনো প্রতিনিধি, উত্তরাধিকারী বা অন্য কোনো পক্ষের পক্ষ থেকে দাবি করার মতো যেকোনো অধিকার পুরোপুরি বাতিল করা হলো এবং স্থায়ীভাবে ডিস্ট্রিক্টকে ছেড়ে দেওয়া হলো;
- আপনি স্পষ্টভাবে সম্মতি দিচ্ছেন যে, এই সম্মতিপত্র বা কোনো প্রকার প্রচারসংক্রান্ত কার্যক্রমের সূত্রে উদ্ভূত জ্ঞাত ও অজ্ঞাত সকল প্রকার দায়দাবি থেকে আপনি ডিস্ট্রিক্ট এবং এর কর্মকর্তা, কর্মচারী, এজেন্ট ও প্রতিনিধিদের নিঃশর্ত মুক্তি দেবেন, দায়মুক্ত রাখবেন এবং ক্ষতিপূরণ দেবেন; এবং"
- ডিস্ট্রিক্ট কর্তৃপক্ষ আপনার সন্তানের জন্য প্রচারমূলক সুযোগের প্রাপ্যতা নিশ্চিত বা গ্যারান্টি দেয় না।

আপনার সন্তান সংক্রান্ত যেকোনো প্রচার এই সম্মতিপত্রের পূর্ণ ও যথার্থ প্রতিদান হিসেবে বিবেচিত হবে। বিদ্যালয় কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করে আপনি যেকোনো সময় প্রদত্ত এই সম্মতি বাতিল করতে পারেন।

দয়া করে নিচে আপনার মতামত চিহ্নিত করুন এবং ফর্মে স্বাক্ষর করে বিদ্যালয়ে জমা দিন:

☐ **সম্মতি প্রদান করছি:** আমি উপরোক্ত শর্তাবলিতে সম্মতি জানাচ্ছি এবং লিখিতভাবে তা বাতিল না করা পর্যন্ত 2026-2027 school year(২০২৬-২৭ শিক্ষাবর্ষে) আমার সন্তানকে যেকোনো প্রচারমূলক কার্যক্রমে অংশগ্রহণের অনুমতি দিচ্ছি।

☐ **সম্মতি প্রদান করছি না:** আমি সম্মতি দিচ্ছি না এবং অন্যান্য শিক্ষার্থীদের মতো আমার সন্তানকে প্রচারের কোনো কার্যক্রমে অন্তর্ভুক্ত না করার জন্য জেলা/স্কুল কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছি।

_____

শিক্ষার্থীর নাম (স্পষ্ট অক্ষরে):

_____

বিদ্যালয়ের নাম:

_____

পিতা-মাতা/আইনগত অভিভাবকের নাম (স্পষ্ট অক্ষরে):

_____ _____

পিতা-মাতা/আইনগত অভিভাবকের স্বাক্ষর: তারিখ: